# ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের এপ্রিল/২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মো: আশরাফ উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার তারিখ : ৩০.০৪.২০২৪ খ্রিস্টাব্দ
সভার সময় : বেলা ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত ইউপি চেয়ারম্যান ও সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁওকে সভা পরিচলনা করার অনুরোধ জানান। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা প্রকৌশলী বিভাগ: উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের জন্য এডিপি'র তালিকা পাওয়া গেছে। প্রাক্কলন প্রস্তুত করা হচ্ছে। দ্রুত সময়ের মধ্যে দরপত্র আহ্বান করা হবে। এছাড়াও অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | ১। বিধি মোতাবেক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও: সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বহুবছরের বাস ভবনটি ব্যবহারের অনুপযোগী হয়েছে মর্মে বাসটি কনডেমড ঘোষণা করে উপজেলা প্রকৌশলী কারিগরি প্রতিবেদন দাখিল করেছেন। তিনি বাস ভবনটি কনডেমড ঘোষণাসহ নিলামে বিক্রয়ের বিষয়ে একমত পোষণ করেন। প্রয়োজনীয় কাগজপত্রাদি যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের অনুরোধ করেন। | উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনটি কনডেমড ঘোষণা পূর্বক নিলামে বিক্রয়ের জন্য প্রাক্কলন প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গত এপ্রিল/২০২৪খ্রি. মাসে আউটডোরে ১৪৭২৬ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে, ইমার্জেন্সীতে ৩১৫১ জন রোগীকে ইমার্জেন্সী সার্ভিস দেওয়া হয়েছে এবং ইনডোরে ১১৭৫ জন রোগী ভর্তি ছিলেন এবং পরবর্তীতে ছাড়পত্র নিয়ে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। রোগীর সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক উন্নত চিকিৎসা সেবার স্বার্থে ১৩৭ জন রোগীকে রেফার করা হয়েছে। গফরগাঁও উপজেলা পরিষদের স্বারক নং- ০৫.৪৫.৬১২২.০০১.০৬.০০৯.২৩-১১০৭/১(৬০) তারিখঃ ২৭/০৯/২০২৩ খ্রি. মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গফরগাঁও, ময়মনসিংহ এর বহিঃর্বিভাগের পূর্বের টিকেটের ইউজার ফি ০৩ (তিন) টাকার পরিবর্তে ০৫ (পাঁচ) টাকার করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত অতিরিক্ত ০২ (দুই) টাকা হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্নতার কাজে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। সেই ধারাবাহিকতায় অতিরিক্ত ০২ (দুই) টাকা ইউজার ফি উত্তোলন করায় নভেম্বর/২৩ইং তারিখ হইতে এপ্রিল/২০২৪ইং মাস পর্যন্ত মোট ১,৬৯,০৩৬/- টাকা আদায় করা হয় এবং উক্ত আদায়কৃত অর্থ থেকে চার জন পরিচ্ছন্নকর্মীর বেতন বাবদ এপ্রিল/২০২৪ইং তারিখ পর্যন্ত মোট ১,০৮,০০০/- (একলক্ষ আটহাজার) টাকা পরিশোধ করা হয়েছে এবং বর্তমানে অতিরিক্ত ৬১,০৩৬/- (একষট্রি হাজার ছত্রিশ) টাকা জমা আছে। গত মাসে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্যাথলজিক্যাল পরীক্ষা নিরীক্ষা করা হয়েছে ৬৫৫ জন রোগীকে যা থেকে ইউজার ফি আদায় হয়েছে ৬০৩৯০ টাকা, আল্টাসনোগ্রামে ৩৯৫ জন রোগীকে সেবা দেওয়া হয়েছে যা থেকে ইউজার ফি আদায় হয়েছে ৪৮৭৩০ টাকা, এক্সরে বিভাগে সেবা প্রদান করা হয়েছে ২৫৩ জন রোগীকে যা থেকে ইউজার ফি আদায় হয়েছে ১৭২৯০ টাকা, ইসিজি সেবা প্রদান করা হয়েছে ১৪৯ জন রোগীকে যা থেকে ইউজার ফি আদায় হয়েছে ১১,৯২০ টাকা ।গত এপ্রিল/২০২৪ খ্রি. মাসে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আইএমসিআই বিভাগে ১৪৯৭ জন শিশু রোগীকে সেবা প্রদান করা হয়েছে। গত মাসে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য বিভাগের ৫৩টি কমিউনিটি ক্লিনিকে ২৭০৭২ জন সাধারন রোগীকে সেবা প্রদান করা হয়েছে এবং ১৭৫০ জন শিশু রোগীকে সেবা প্রদান করা হয়েছে। কমিউনিটি ক্লিনিক থেকে প্রসবপূর্ব, প্রসবোত্তর এবং পরিবার পরিকল্পনা মিলিয়ে সেবা প্রদান করা হয়েছে ১২৯৮ জনকে। গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এপ্রিল/২৪ইং মাসে ০৬টি সিজারিয়ান অপারেশন সম্পন্ন করা হয়েছে এবং ৪৭ জন রোগী নরমাল ডেলিভারী সেবা পেয়েছেন। প্রাতিষ্ঠানিক ডেলিভারির উপর গুরুত্ব প্রদান করার কারনে বর্তমানে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নরমাল ডেলিভারী এবং সিজারিয়ান অপারেশন বৃদ্ধি পেয়েছে। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের সামনের রাস্তা উচু করণপূর্বক মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে বিষয়টি রেজুলেশনে লেখার জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ করা হইল। বর্ষাকালে বৃষ্টির পানিতে রোগী এবং জনসাধারণের চলাচলে বিঘ্ন ঘটে। সীমিত সাধ্যের মধ্যে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য বিভাগের রোগীদের সার্বিক সেবা দানের জন্য আমরা সর্বদা অঙ্গীকারবদ্ধ। | ১। হাসপাতালে রোগীদের সেবার মান বৃদ্ধি করতে হবে।<br>২। দালাল এবং ব্যক্তিমালিকানাধীন যানবাহন হাসপাতালের ভিতরে প্রবেশ বন্ধ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরে রবি মৌসুমে মোট ২০৯৩৫ হেক্টর বোরো ধানের বাম্পার ফলন হয়েছে। মোট উৎপাদন ৮৯০০০মন বিভিন্ন জাতের ব্রিধান-৮৮,৮৯,৯২,৯৬,বঙ্গবন্ধ ১০০ ব্রিধান-৮৯ জাতের বিঘা প্রতি | ১। নিয়মিত উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সভার আয়োজন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ২৫মন বঙ্গবন্ধু ১০০ জাতের বিঘা প্রতি ২৭মন ফলন হয়েছে। ধান ক্রয়ের জন্য অগ্রহী কৃষকের তালিকা তৈরি হচ্ছে, ১২০০ টাকা মন ধরে ধান ক্রয় করা হবে। কৃষকগণ উপসহকারী কৃষি অফিসারদের কাছে আবেদন জমা দিতে হবে। চলতি খরিপ-১ মৌসুমে ৩৩০০ জনের আউশ প্রনোদনা দেওয়া হয়েছে ক্লাষ্টার আকারে বীজতলা তৈরি করা হয়েছে। রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি যাচাইকরত: উপজেলা কৃষি অফিসের পক্ষ থেকে সার্বক্ষনিক মনিটরিং করা হচ্ছে। মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি অফিসারগন রোস্টার ভিত্তিক সার্বক্ষনিক মনিটরিং করে যাচ্ছেন। গত মার্চ/২০২৪ মাসের তুলনায় এপ্রিল/২০২৪খ্রি: রাসায়নিক সারের মজুদ ইউরিয়া-১১৩০ মে:টন,টিএসপি-১৬০,ডিএপি-৫৮৮ ও এমওপি-৪৩৯ মে:টন। কোথাও কোন সারের সংকট নেই। সারের সংকট রয়েছে বলে যেন কেও গুজব ছড়াতে না পারে সকলের সহযোগিতা কামনা করছি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ২। রাসায়নিক সার মজুদ, বিতরণ পরিস্থিতি পর্যবেক্ষনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অন্তর্ভুক্ত করতে হবে। | গফরগাঁও |
| ০৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ইজিপিপি প্রথম পর্যায়ের কাজ সমাপ্ত হয়েছে। টিআর/কাবিটা/কাবিখা প্রথমপর্যায় ও দ্বিতীয় পর্যায়ের কাজ চলমান। তৃতীয় পর্যায়ের প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হয়েছে। দুটি গার্ডার ব্রীজের কাজ চলমান রয়েছে। বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী ১০৬টি বীর নিবাসের টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে। ০৩টি প্যাকেজে ০৩টি মাটির রাস্তায় হেরিং বোন বন্ড এইচবিবি প্রকল্পের কাজ আনুমানিক ৭৫% কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সকল কাজের গুনগত মান ঠিক রেখে তা দ্রুত সময়ে বাস্তবায়ন ও নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ০৭ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে অত্র উপজেলার চাহিদা অনুযায়ী কুরবানিযোগ্য প্রাণী প্রস্তুত রয়েছে। তিনি আরও জানান যে, সঠিক উপায়ে কুরবানির পশু মোটাতাজা করার জন্য নিষিদ্ধ ঔষধের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন। এছাড়া অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম সাভাবিক রয়েছে। | ১। টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। নিয়মিত যোগাযোগ এবং মনিটরিং করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গফরগাঁও |
| ০৮ | উপজেলা মৎস্য বিভাগ: উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ২০২৩ -২০২৪ অর্থ বছরে অত্র দপ্তর হতে রাজস্ব খাতের আওতায় সালটিয়া ইউনিয়নে ০১ টি প্রদর্শনী খামার বাস্তবায়ন করা হয়েছে। | মৎস্যচাষীদের সাথে নিয়মিত যোগাযোগ এবং মনিটরিং করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও |
| ০৯ | উপজেলা বিদ্যুৎ বিভাগ (পিডিবি): নির্বাহী প্রকৌশলী (পিডিবি) এর প্রতিনিধি সভায় জানান যে, লোডশেডিং কমিয়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহকরণ অব্যাহত রয়েছে। বকেয়া সংযোগ বিচ্ছিন্নকরণ ও বকেয়া আদায়করণ চলমান রয়েছে। অবৈধ লাইন সনাক্তকরণ ও সিস্টেম লস কমানো হচ্ছে। লোড শেডিং পূর্বাভাস প্রদান করা হচ্ছে। মসজিদ, মাদ্রাসাকে প্রিপেইড মিটারিং এর আওতায় আনা হচ্ছে। সর্বোপরি জনগণকে জটিলতামুক্তভাবে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষে বিদ্যুৎ বিভাগ নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। বিদ্যুৎ লাইনের উপরে গাছের ডালপালা কর্তনের কাজ চলছে। আসন্ন বৈশাখ মাসে কালবৈশাখী ঝড় হওয়ার সম্ভাবনা থাকে তাই এ বিষয়ে সকলকে সতর্ক থাকার অনুরোধ জানান। এছাড়াও বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১। বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে।<br>২। লোডশেডিং এর বিষয়ে অবহিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, পিডিবি, গফরগাঁও |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভায় জানান যে, এস এসসি/ দাখিল/ ভোকেশনাল পরীক্ষার ফলাফল ১১ / ১২ মে-২০২৪ খ্রি. প্রকাশ হওয়ার সম্ভাবনা রয়েছে। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষন প্রতিযোগিতা ও বিজ্ঞান মেলা সম্পন্ন হয়েছে। উপজেলা পর্যায়ে শিক্ষা সপ্তাহ-২০২৪ খ্রি. সম্পন্ন হয়েছে এবং এর ফলাফল জেলা শিক্ষা অফিস ময়মনসিংহে প্রেরণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টেও উপবৃত্তির একাউন্ট নগদে রুপান্তর করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করা হয়েছে। প্রচন্ড গরমে শিক্ষা প্রতিষ্ঠানে পিটি প্যারেড ও শ্রেণি কক্ষের বাহিরের কাজ বন্ধ রয়েছে এবং রুটিন কার্যক্রম স্বাভাবিক আছে। ক্ষুদে ডাক্তার কার্যক্রম জোরদার করার জন্য সংশ্লিষ্ঠ সকলকে অনুরোধ করা হয়েছে। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১ | উপজেলা শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা অফিসার (ভার:), সভায় জানান যে, ২৩৮ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রাক প্রাথমিক শ্রেণির শিখন শেখানো বিল প্রদান করা হয়েছে। ১০ জন শিক্ষকের পি.আর.এল ও পেনশন মঞ্জুরী সংক্রান্ত। ০৮ জন শিক্ষকের পেনশন বিল প্রদান করা হয়েছে। অন্ত: প্রাথমিক ক্রীড়া ও সাস্কৃতিক প্রতিযোগিতার ব্যায় বিল পরিশোধ করা হয়েছে। স্লিপের ব্যায় বিল আংশিক পরিশোধ করা হয়েছে। ২০ টি বিদ্যালয়ের মাইনর মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। ১৫ জন শিক্ষকের ডি.পি,এড এর বকেয়া বিল প্রস্তুত করা হয়েছে। ওয়াশব্লক মেরামতের কাজ প্রক্রিয়াধীন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। শিক্ষকদের নিয়মিত ক্লাশে উপস্থিত নিশ্চিত করতে হবে।<br>২। সকল শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত মনিটরিং করতে হবে।<br>৩। বিধি মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১২ | উপজেলা সমাজসেবা বিভাগঃ সভায় জানান যে, গফরগাঁও উপজেলায় শতভাগ ভাতার আওতায় মোট ১৬৭৫৬টি আবেদন জমা হয়েছে, বরাদ্দ আসা সাপেক্ষে ভাতার কাজ শুরু করা হবে, তাছাড়া সকল ইউনিয়নের ভাতার লাইভ ভেরিফিকেশন সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। এখন যাচাই বাছাই কাজ চলছে। তিনি আরও বলেন ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম কিস্তির পেরোল দেওয়া হয়েছে। কাউকে ভাতার পিন নাম্বার ও মোবাইল নাম্বার না দেওয়ার জন্য অনুরোধ করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল ভাতা কার্যক্রম মনিটরিং করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১৩ | বিআরডিবিঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সমিতি/দল গঠন: পুরুষ=৫১৪ টি, মহিলা=৯২ টি, মোট=৬০৬ টি। সদস্য সংখ্যা: পুরুষ=২৩৮২৩ জন, মহিলা=২৪৩২ জন, মোট= ২৬২৫৫ জন। শেয়ার আদায়: পুরুষ=৩১.২২ লক্ষ টাকা, মহিলা=৬.২৪ লক্ষ টাকা, মোট= ৩৭.৪৬ লক্ষ টাকা । সঞ্চয় আদায়: পুরুষ=৬৫.৮৩ লক্ষ টাকা, মহিলা=১৮.৬৬ লক্ষ টাকা, মোট=৮৪.৪৯ লক্ষ টাকা । মোট ঋণ তহবিল প্রাপ্তি=১০৪০.৪৩ লক্ষ টাকা। ঋণ বিতরণ: পুরুষ=১০৩৩.১২ লক্ষ টাকা, মহিলা=৩৮১.২৯ লক্ষ টাকা, মোট ঋণ বিতরণ = ১৪১৪.৪১ লক্ষ টাকা । ক্রমপুঞ্জিত ঋণ আদায়: পুরুষ=৮৯৩.২২ লক্ষ টাকা, মহিলা=৩২৪.৭৪ লক্ষ টাকা, | ১। ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে। বিআরডিবির সকল মাঠ কর্মীদের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

CamScanner

মোট=১২১৭.৯৬ লক্ষ টাকা। মূল কর্মসূচী (ইউসিসিএ) ব্যতীত মহিলা উন্নয়ন অনুবিভাগ (মউ), আবর্তক, সদাবিক, পল্লী প্রগতি ও বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্নকর্মসংস্থান কর্মসূচীর সাংগঠনিক এবং ঋণ কার্যক্রম চলমান আছে। পল্লী উদ্যোক্তা ঋণ =৪৩.৭৫ লক্ষ টাকা বিতরণ করা হয় এবং এপ্রিল/২০২৪ পর্যন্ত আদায়= ২৬.৭০ লক্ষ টাকা, আদায়ের হার ১০০%। ইহা ছাড়াও পিআরডিপি-৩ প্রকল্পের মাধ্যমে উপজেলার ০৫ টি ইউনিয়নে ৪৮টি ভিডিসি গঠন, ৪৪৬টি ভিডিসিএম অনুষ্ঠান, ১৭৩টি ইউসিসিএম অনুষ্ঠান, ৭৭টি ব্যাচ (এফপিটিটি) প্রশিক্ষণ অনুষ্ঠান ও ১০২টি ভিডিসি স্কীম বাস্তবায়ন করা হয়েছে। বিআরডিবি'র নির্মিত ০৩ টি জোড়াবাড়ির বকেয়াসহ বাসা ভাড়া ও গ্যাস বিল আগামী ১৫/০৫/২০২৪ খ্রি. তারিখের মধ্যে আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানান। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

০২। পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ): উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে।

| বিবরন | অর্থ বছর | | | ক্রমবর্ধিত | | |
|---|---|---|---|---|---|---|
| | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | হার | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | হার |
| সমিতি গঠন | ২৯ | ০ | ০ | ১০৩ | ১০৩ | ১০০% |
| সদস্য ভর্তি | ৮৬০ | ৯০ | ১০% | ২৫০০ | ২০৯৫ | ৮৪% |
| শেয়ার আদায় | ১.৮০ | ০ | ০ | ৩৫.০৮ | ৮.৩৬ | ২৪% |
| সঞ্চয় আদায় | ৩৫.৫০ | ৪.৮১ | ২০% | ৭০.১৮ | ৪৫.৮৪ | ৬৫% |
| ঋণ বিতরন | ১৭০.০০ | ৬০.৫০ | ৩৫% | ৭০৩.২৯ | ৬৭৭.০৯ | ৯৬% |
| ঋণ আদায় | ৬১.২৬ | ১০.৩২ | ১৭% | ৬৫৭.৫২ | ৫১৯.৫৭ | ৭৯% |
| খেলাপী | ০ | ০ | ০ | ০ | ১৩৭.৯৫ | ০ |

উল্লেখ্য যে,ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। নতুন সমিতি গঠন ও সদস্য নির্বাচনের ক্ষেত্রে প্রকল্পের নীতিমালা অনুযায়ী কাজ করা হচ্ছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।

২। বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে। নতুন সমিতি গঠন, সদস্য নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।

উপজেলা প্রকল্প কর্মকর্তা, (পজীপ)

---

১৪ আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক): ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পের কাজ সমাপ্তি ঘটেছে ৩০.০৭.২০২১ খ্রি. তারিখে। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানটি পল্লী সঞ্চয় ব্যাংক হিসাবে কাজ করছে।

| ক্র. নং | সংখ্যা | মোট |
|---|---|---|
| ০১ | সমিতির সংখ্যা | ৪০৬ টি |
| ০২ | সদস্য সংখ্যা | ১৮,৬১৯ জন |
| ০৩ | মাসের সঞ্চয় আদায় | ২.২০(লক্ষ টাকা ) |
| ০৪ | বছরে সঞ্চয় আদায় | ৩১.২০ (লক্ষ টাকা ) |
| ০৫ | মাসের ঋণ আদায় | ১৭৯.৩৬ (লক্ষ টাকা ) |
| ০৬ | বছরে ঋণ আদায় | ৯৩১.৬৬ (লক্ষ টাকা ) |
| ০৭ | মাসের ঋণ বিতরণ | ১৯০.৮৭(লক্ষ টাকা ) |
| ০৮ | বছরে ঋণ বিতরণ | ৮৭৮.০২(লক্ষ টাকা ) |

অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে।

ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।

---

১৫ উপজেলা মহিলা বিষয়ক দপ্তর: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, গফরগাঁও উপজেলার ১৫টি ইউনিয়নের ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের ২০২৩-২৪ অর্থ বছরে মার্চ/২০২৪খ্রি.মাস পর্যন্ত ২৫০২ জন উপকারভোগীদের মাঝে পুষ্টিচাল বিতরণ সম্পন্ন হয়েছে। এপ্রিল/২০২৪ খ্রি. মাসের পুষ্টিচাল সরবরাহের জন্য অত্র উপজেলার ১৫টি ইউনিয়ন পরিষদে পৌছে দেয়ার জন্য মেসার্স নান্দাইল পুষ্টি মিশ্রণ মিল বরাবর ডিও প্রদান করা হয়েছে, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগন নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে চাল বিতরন নিশ্চিত করবেন। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতি ইউনিয়নে মাসে ৬ টি করে অনলাইন আবেদন মাসের ২০ তারিখের মধ্যে সম্পন্ন করে অত্র কার্যালয়ে হার্ড কপি ও সফট কপি জমা দেয়ার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলেও দেখা যায় যে, জুলাই/২৩-এপ্রিল/২৪ পর্যন্ত (১) বারবাড়ীয়া, (২) টাংগাব ২টি ইউনিয়ন হতে একটিও অনলাইন আবেদন পাওয়া যায়নি। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হলে নিম্মস্বাক্ষরকারী কোন প্রকার দায়ভার গ্রহণ করবেনা। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে আবেদন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

ভিজিডি কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)

---

১৬ উপজেলা খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, এপ্রিল /২০২৪ ইং মাসে অত্র উপজেলায় খাতে। কাবিখা গম ৬৮.৮৯৯ মে:টন ও চাল ৬৮.৯৮৬ মে:টন। ফায়ার সার্ভিস চাল ৬৮৬ কেজি গম ৬১৮ কেজি ও জি আর ১.০০০মে:টন। ভিজিডি খাতে ৭৫.০৬০ মে: টন। খাদ্য বান্ধব খাতে ৭৬৬.১৭০মে:টন। বর্তমানে গুদামে মজুদ আছে চাল ৭৮.১০৯ মে: টন ও গম ২৪.৩০০ মে:টন। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

চাল ও ধান সংগ্রহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গফরগাঁও

CamScanner

<table>
<tr>
<td>১৭</td>
<td><u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, মা ও শিশু স্বাস্থ্য এবং কিশোর কিশোরীদের সার্বিক পরিস্থিতি উন্নয়ন রক্ষায় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তিনি জানান যে, ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্র গুলোতে গর্ভবতী মায়ের সেবা ও ডেলিভারীর জন্য কক্ষগুলো মেরামত এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসে একটি সাধারণ মানের অপারেশন থিয়েটার করার জন্য অনুরোধ জানান। সক্ষম দম্পত্তি ৯০১৮৮ গ্রহণকারী ৬৯৭১০১ সিএআর ৭৭.২৮ %
<table>
<tr><th>বিভিন্ন পদ্ধতির নাম</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>হার</th></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি (পুরুষ)</td><td>১৫</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি (মহিলা)</td><td>১৫</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>আইইউডি</td><td>৪৫</td><td>২২</td><td>৪৮.৮৮%</td></tr>
<tr><td>ইমপ্লান্ট</td><td>৯৭</td><td>৮১</td><td>৮৩.৫০%</td></tr>
<tr><td>ইনজেক্টেবল</td><td>১৬৮৪০</td><td>১০০৪১</td><td>৫৯.৬২%</td></tr>
<tr><td>খাবারবড়ি</td><td>৩৪৫৬৬</td><td>৩৯০৫৪</td><td>১১২.৯৮%</td></tr>
<tr><td>কনডম</td><td>৬২০২</td><td>৫৯০৫</td><td>৯৫.২১%</td></tr>
</table>
মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পিং অব্যাহত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>১। নিয়মিতভাবে মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পের আয়োজন করতে হবে।<br>২। উপজেলা ও ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করতে হবে।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td>
</tr>
<tr>
<td>১৮</td>
<td><u>উপজেলা সমবায় বিভাগ</u>: উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, গফরগাঁও উপজেলার সমবায় বিভাগের কার্যক্রমের মধ্যে সমবায় সমিতি গুলো ২০২৩-২০২৪ খ্রি. সনের বার্ষিক অডিট জুলাই/২৩ খ্রি. মাসের অডিট কার্যক্রম শুরু হয়েছে। আমরা অডিট অফিসারগণ বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী জুলাই/২৩ খ্রি. মাসে অডিট কার্যক্রম শুরু করেছি। অডিটযোগ্য সমবায় সমবায় সমিতির সংখ্যা -৭০টি। তাছাড়াও সমবায় সমিতিগুলো নিয়মিতভাবে তদন্ত, পরিদর্শন ও তদারকী কার্যক্রম অব্যাহত আছে। সমবায় সমিতিগুলোর ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ও নিবন্ধন কার্যক্রম অব্যাহত আছে। গত বছরে ০৫ টি ইউনিটে ১২৫ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদাণ করা হয়েছে। বিভাগীয় পর্যায়ে সমতবায় পুরস্কারের জন্য অত্র উপজেলা হতে ০৬ টি শ্রেষ্ঠ সমিতির তালিকা প্রেরণ হয়েছে। সরকারী রাজস্ব ১০০% আদায় করে সরকারী কোষাগারে প্রেরণ করা হয়েছে। যার কার্যক্রম চলমান রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ০৭ টি আশ্রয়ণ-২ প্রকল্পের মধ্যে...... ১. আশ্রয়ণ-২ প্রকল্প-১ সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ২০৯০০০০/- (বিশ লক্ষ নব্বই হাজার টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ১১৭৯৬৫৫/- (এগারো লক্ষ উনআশি হাজার ছয়শত পঞ্চান্ন টাকা মাত্র)। সার্ভিস চার্জ= ৮৮৩৯৩/- (আটাশি হাজার তিনশত তিরানব্বই টাকা মাত্র)। ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ২৬৩৯৫/- (ছাব্বিশ হাজার তিনশত পঁচানব্বই টাকা মাত্র) প্রেরণ করা হয়েছে।<br>২ আশ্রয়ণ-২ প্রকল্প-২ সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ২১১০০০০/- (একুশ লক্ষ দশ হাজার টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ১১৫৩৩১১/- (এগারো লক্ষ তিপ্পান্ন হাজার তিনশত এগারো টাকা মাত্র)। সারচার্জ= ৮৬৬৭৯/- (ছিয়াশি হাজার ছয়শত উনআশি টাকা মাত্র)। ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ২৪৬০৮/- (চব্বিশ হাজার ছয়শত আট টাকা মাত্র) প্রেরণ করা হয়েছে।<br>৩. রোস্তম আলী আশ্রয়ণ প্রকল্প সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ৪৯২০০০/- (চার লক্ষ বিরা নব্বই হাজার টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ৮৫৫৫৯/- পচাঁশি হাজার পাঁচশত উনষাট টাকা মাত্র)। সারচার্জ= ৬৯৩০/-(ছয় হাজার নয়শত ত্রিশ টাকা মাত্র)। । ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ১৭৯৯/- (এক হাজার সাতশত নিরানব্বিই টাকা মাত্র) প্রেরণ করা হয়েছে।</td>
<td>০১। নিয়মিত মনিটরিং করতে হবে।<br>০২। সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।</td>
<td>উপজেলা সমবায় অফিসার</td>
</tr>
<tr>
<td>১৯</td>
<td><u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</u>: উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের অওতায় ২০২৩-২৪ অর্থ বছরের কাজ চলমান। ৫২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কার্যক্রম চলমান। এছাড়াও বিভাগীয় অন্যান্য সকল কার্যক্রম স্বভাবিক রয়েছে।</td>
<td>সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে।</td>
<td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল</td>
</tr>
<tr>
<td>২০</td>
<td><u>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</u>: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ, আত্মকর্মসংস্থান (রাজস্ব)নেই, পারিবারিক ঋণ বিতরণ নেই, ঋণ আদায় ১০০%। ঋণের রাজস্ব ও পরিবারের সংখ্যা নেই। বায়ুগ্যাস স্থাপন (প্রকল্প) নেই। প্রশিক্ষণ রাজস্ব- ০৩টি ব্যাচে ৯০জন। জনসচেতনামূলক প্রশিক্ষণ নেই। আত্মকর্মীর সংখ্যা পুরুষ ০৪ জন ও মহিলা সংখ্যা ৮ জন। যৌতুক বিরোধী কর্যক্রম ০৭ জন। কর্মরত জনবল ০৬ জন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td>
<td>১। ঋণ কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করতে হবে।<br>২। প্রশিক্ষণ দ্রুত শুরু করতে হবে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার/ ইউপি চেয়ারম্যান (সকল)</td>
</tr>
<tr>
<td>২১</td>
<td><u>উপজেলা পরিসংখ্যান বিভাগ</u>: উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা পরিসংখ্যান অফিস গফরগাঁও, ময়মনসিংহ এর বিভাগীয় কার্যক্রম চলমান আছে। হাউজহোল্ড বেইজড এনভায়রনমেন্টাল সার্ভে ২০২৪ শীর্ষক জরিপের লিস্টিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। মসিক স্থায়ী অস্থায়ী ফসলের রিপোর্ট প্রেরন করা হয়েছে। এছাড়া অফিসের সকল নিয়মিত কর্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে।</td>
<td>সকল কার্যক্রম যথাসময়ে সঠিকভাবে সম্পন্ন করতে হবে।</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা গফরগাঁও</td>
</tr>
</table>

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২২ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন: উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন গফরগাঁও কার্যালয় পল্লীর অসুবিধাগ্রস্থ দরিদ্র্য জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে । অত্র কার্যালয়ে ৯৬টি সমিতিতে মোট ৪১৪০ জন সদস্য আছে। বিগত ২০২৩-২০২৪ অর্থ বছর এপ্রিল/২৪ পর্যন্ত ৮৭০ জন সদস্যের মাঝে সর্বমোট ৫৮৭.১(পাঁচ কোটি সাতাশি লক্ষ এক হাজার টাকা ঋণ বিতরন করা হয়েছে । আদায়ের হার ৯৮%,বিভিন্ন সঞ্চয় স্থিতি ৫৩৭.০৯ (লক্ষ)টাকা,সয়ম্ভরতার হার ১৬৭%। কার্যালয়ের সার্বিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। লক্ষমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম শত ভাগ অর্জিত হয়েছে। | ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২৩ | উপজেলা আনসার ও ভিডিপি: উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা শান্তি, শৃংখলা উন্নয়ন ও নিবারপত্তায় কাজ করে যাচ্ছে। উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় ভিডিপি সদস্যদের বছর ব্যাপি বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করে থাকে, চলতি মাসে উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের অধীন ভাতাভোগী ইউনিয়ন ও ওয়ার্ড দলনেতা পদে ০২ টি শূন্য পদ পুরণের লক্ষ্যে ০২ জন সদস্যকে মৌলিক প্রশিক্ষণ গ্রহনের জন্য প্রেরণ করা হয়েছে । আসন্ন উপজেলা পরিষদ নির্বাচন কে সামনে রেখে গফরগাঁও উপজেলার মোট ১১৯ টি ভোট কেন্দ্রে আইন শৃংখলা রক্ষায় দায়িত্ব পালনের জন্য আনসার ও ভিডিপি সদস্য বাছাই করে প্রস্তুত করা হচ্ছে। বাছাই কৃত পিসি এপিসিদের সতেজ করণ প্রশিক্ষণ চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্ন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশের পাশাপাশি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সব সময় প্রস্তুত থাকতে হবে।<br>২। প্রশিক্ষন কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ২৪ | পল্লী বিদ্যুৎ বিভাগ: ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে সার্বিকভাবে চেষ্টা চলছে। উপকেন্দ্র নির্মাণের জন্য জমি ক্রয়ের প্রক্রিয়া চলমান। (প্রস্তাবিত পাগলা, চরমছলন্দ)। উত্তম গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে বিকল্প ৩৩ কেভি সোর্স লাইন চালুর কাজ চলমান। লো-ভোল্টেজ সমস্যা সমাধানের জন্য গ্রাউন্ডিং করণ, ওভার লোডের কন্ডাক্টর পরিবর্তন করা, ক্যাপাসিটর স্থাপনের কাজ চলমান আছে। বর্তমানে গফরগাঁও জোনাল অফিসের গ্রাহক অভিযোগ নিরসন ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এর জন্য চারটি অভিযোগ কেন্দ্র রয়েছে। মশাখালী অভিযোগ কেন্দ্রটি চালুর প্রক্রিয়াধীন আছে। উক্ত অভিযোগ কেন্দ্রটি চালু হলে সহজেই অভিযোগ নিরসনসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা যাবে। সরসরি হুকিং, মিটার টেম্পারিং, সার্ভিস ড্রপ বাইপাস ইত্যাদি অবৈধ উপায়ে বিদ্যুৎ ব্যবহারকারীদের সংযোগ বিচ্ছিন্ন করণসহ জরিমানা আদায় করা হচ্ছে। বিলিং অভিযোগ হ্রাস কল্পে যথাসময়ে সঠিকভাবে রিডিং আদায় এভং গ্রাহক প্রান্তে বিদ্যুৎ বিল পৌছানোসহ মিটার রিপোর্ট সঠিকভাবে প্রস্তুত ও বাস্তবায়ন করা হচ্ছে। গ্রাহক সংযোগ সম্ভাব্য লোড ও ভৌগলিক অবস্থা বিবেচনা করে স্বল্প মেয়াদী , মধ্য মেয়াদী এবং দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নে কার্যকরী প্রদক্ষেপ গ্রহণ করা হয়। বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের লক্ষ্যে লাল/উকিল নোটিশ প্রদান করা হচ্ছে। ৯০ দিনের উর্ধ্বে বকেয়া বিদ্যুৎ বিল হ্রাস করার লক্ষে বিল আদায়ের কার্যক্রম জোরদার করা হয়েছে। এছাড়াও বিদ্যুৎ লাইনের উপরে গাছের ডালপালা কর্তনের কাজ চলছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের লক্ষে লাল/ উকিল নোটিশ প্রদান করা হচ্ছে। বিভিন্ন সরকারি অফিসের বকেয়া রয়েছে। সংশ্লিষ্ট সকলকে বকেয়া পরিশোধের জন্য অনুরোধ করেন। | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৫ | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি সেচ), সভায় জানান যে, উপজেলা সেচ তহবিল, গফরগাঁও হতে লাইসেন্স প্রদানের তদন্ত কি, সদস্যদেও সম্মানী, স্টেশনারী ও অন্যান্য বাবদ বিল উত্তোল করা হয়েছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি-সেচ) |
| ২৬ | উপসহকারী প্রকৌশলী পাট উন্নয়ন কর্মকর্তা, সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ৩ হাজার পাট চাষীদের মাঝে বীজ ও সার বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসহকারী প্রকৌশলী পাট উন্নয়ন কর্মকর্তা |
| ২৭ | ইসলামিক ফাউন্ডেশন: ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষাকার্যক্রম,ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত ২০২৩ শিক্ষা বর্ষে ২১৭টি কেন্দ্রের মধ্যে ০৮টি কেন্দ্র সঠিকভাবে পরিচালিত না করার কারণেকমিটির মাধ্যমে বাতিল করা হয়েছে। দূর্বল কেন্দ্র চিহ্নিত করার কাজ চলমান রয়েছে। সন্ত্রাস,জঙ্গীবাদ ও নাশকতা বিরোধী প্রচার প্রচারণার কার্যক্রম অব্যাহত রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। সন্ত্রাস, জঙ্গীবাদ ও নাশকতা বিরোধী প্রচার প্রচারণার মসজিদ ভিত্তিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গফরগাঁও |
| ২৮ | উপজেলা তথ্য কেন্দ্র: তথ্যসেবা কর্মকর্তার সভায় জানান যে, তথ্য আপাদের ডোর-টু-ডোর, উঠান বৈঠক ও তথ্য কেন্দ্রে মহিলাদের সেবা প্রদানের সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। উপজেলা তথ্যকেন্দ্র, গফরগাঁও, ময়মনসিংহ এর কার্যক্রম সমূহ;<br>১। তথ্য ও প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান<br>২। ভর্তি পরীক্ষার ফলাফল<br>৩। ভর্তি পরীক্ষার ফরম পূরণ<br>৪। চাকরির আবেদন পত্র পূরণ।<br>৫। ই-মেইল, ম্যাসেঞ্জার, স্কাইপির সাহায্যে যোগাযোগ।<br>৬। কৃষি, শিক্ষা, ব্যবসা ইত্যাদি সংক্রান্ত পরামর্শ প্রদান।<br>৭। আইনি সহায়তা পরামর্শ প্রদান।<br>৮। ডায়াবেটিকস পরীক্ষা, রক্তচাপ পরীক্ষা, তাপমাত্রা ও ওজন পরিমাপ।<br>৯। গ্রামীণ নারীদের উৎপাদিত ও সংগৃহিত পণ্য বিক্রয়ের জন্য www.laalsobuj.com মার্কেটপ্লেস পরিচালনা। উপরোক্ত সেবাসময়হ তথ্যকেন্দ্র হতে ডোর টু ডোর পদ্ধতিতে এবং উঠান বৈঠকের মাধ্যমে প্রদান করা হয়। উঠান বৈঠক ডোর টু ডোর সহ সকল কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। গ্রামীণ মহিলাদের বিভিন্ন অনলাইনে আবেদনে সহযোগীতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। নিয়মিত উঠান বৈঠক আয়োজন করতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, গফরগাঁও |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৯ | চেয়ারম্যান (ইউপি সকল), সভায় বলেন যে, ফেব্রুয়ারি/২০২৪ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভায় উপজেলা সমাজসেবা কার্যালয় হতে প্রদানকৃত বিভিন্ন ভাতাভোগীদের ভাতা উত্তোলনে বিড়ম্বনা সৃষ্টির বিষয়ে দ্রুত সকল ইউপি চেয়ারম্যানদেরকে নিয়ে সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহিত হয়েছে। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত সভার কোন ব্যবস্থা করা হয়নি। এ বিষয়ে উপজেলা সমাজসেবা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হয়। উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ-কে বিশেষ গুরুত্বের সাথে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান। | দ্রুত সময়ের মধ্যে সংশ্লিষ্ট সকলকে নিয়ে উপজেলা সমাজসেবা অফিসার একটি বিশেষ সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৩০ | চেয়ারম্যান (বারবাড়িয়া ইউপি), সভায় বলেন যে, বারবাড়িয়া হতে শিবগঞ্জ গয়েশপুর রাস্তাটি কতিপয় স্বার্থনেশী মহল তাদের নিজেদের স্বার্থে রাস্তার কাছ থেকে মাটি সরিয়ে ফেলায় জনগুরুত্বপূর্ণ রাস্তাটি ভেঙ্গে যাচ্ছে। যেকোনো সময় যানবাহন চলাচল বন্ধ হয়ে যাবে। উপজেলা প্রকৌশলী মহোদয়কে সরেজমিনে জায়গাটি দেখার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী রাস্তাটি পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা প্রকৌশলী |
| ৩১ | চেয়ারম্যান (গফরগাঁও ইউপি), সভায় বলেন যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সাব-মারসিবল পাম্পের ঠিকাদারদের বিল প্রদানের আগে পরিদর্শন করে বিল দেয়ার জন্য অনুরোধ জানান এবং রাস্তার ধারে যে সকল ফিসারি রয়েছে সেসকল মালিকদেরকে নিয়ে উপজেলা সিনিয়র মৎস্য অফিসার এবং উপজেলা প্রকৌশলী রাস্তা ভেঙ্গে যাওয়ার বিষয়ে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ৩২ | চেয়ারম্যান (মশাখালী ইউপি), সভায় বলেন যে, মুখী শিলা বাজার রেল লাইনের পাশের রাস্তাটি যাতায়াতের জন্য খুবই খারাপ। উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ গ্রহণ। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী |

<u>বিবিধ আলোচনা:</u>

| | | | |
|---|---|---|---|
| ০১ | সি এ, উপজেলা পরিষদ, গফরগাঁও সভায় জানান যে, জনাব মো: আশরাফ উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের মার্চ/২০২৪ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =১১,৮৭৫/- (এগার হাজার আটশত পচাত্তর) টাকা।২। জনাব মো: আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মার্চ/২০২৪ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =৯,৫০০/-(নয় হাজার পাঁচশত) টাকা। ৩। জনাব রেশমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের মার্চ/২০২৪ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =৯,৫০০/-(নয় হাজার পাঁচশত) টাকা বিল ও ভ্রমণ বিবরণী বিল সভায় উপস্থাপন করেন এবং সভায় অনুমোদনের জন্য অনুরোধ করেন। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর মার্চ/২০২৩ মাসের ভ্রমণ ব্যয় বিল অনুমোদন এবং উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |
| ০২ | প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গফরগাঁও সভায় জানান যে, বাংলা ১৪৩১ সনের হাট বাজার/ফেরীঘাটসমূহের ইজারা দরপত্র বিজ্ঞপ্তির বিল বাবদ দৈনিক স্বজন =৪৮,৯৯০/-(আট চল্লিশ হাজার নয়শত নব্বই) টাকা, দৈনিক জাহান =৪৭,৬১৪/-(সাতচল্লিশ হাজার ছয়শত চৌদ্দ) টাকা এবং ব্রহ্মপুত্র এক্সপ্রেস =৬৩,৪৮০/-(তেষট্টি হাজার চারশত আশি) টাকার বিল দাখিল করেছেন। বিল পরিশোধযোগ্য। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিল প্রদান করা যেতে পারে। | বাংলা ১৪৩১ সনের হাট বাজার/ফেরীঘাটসমূহের ইজারা দরপত্র বিজ্ঞপ্তির বিল বাবদ দৈনিক স্বজন =৪৮,৯৯০/-(আট চল্লিশ হাজার নয়শত নব্বই) টাকা, দৈনিক জাহান =৪৭,৬১৪/-(সাতচল্লিশ হাজার ছয়শত চৌদ্দ) টাকা এবং ব্রহ্মপুত্র এক্সপ্রেস =৬৩,৪৮০/-(তেষট্টি হাজার চারশত আশি) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিল প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও সভায় সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, সমন্বয়ের মাধ্যমে সকল বিভাগীয় প্রধানগণ দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানান। টিসিবি মালামাল সঠিকভাবে হতদরিদ্রদের মাঝে দেয়ার জন্য ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করেন। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসারগণ বিদ্যালয়ে শিক্ষার মান বৃদ্ধির লক্ষে মনিটরিং বাড়াতে হবে। সকল উন্নয়নমূলক কর্মকান্ডের গুণগতমান অক্ষুন্ন রাখার জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। দ্রুত উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। ভাতাভোগীদের সমস্যা সমাধানের বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসারসহ অতি দ্রুত সময়ের মধ্যে সংশ্লিষ্ট সকলকে নিয়ে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন পরিষদে গ্রাম আদালত কার্যক্রম সক্রিয়করণের বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। সমন্বয়ের মাধ্যমে সরকার নির্দেশিত সকল কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | সরকারের সকল উন্নয়ন মূলক কাজ সরকারি নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, সভায় জানান যে, উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), গফরগাঁওকে জানান টিউবওয়েলের মালামাল সঠিকভাবে যথাসময়ে পৌছানোর জন্য অনুরোধ জানান। সিডিউলে উল্লেখিত সঠিক লেয়ার পর্যন্ত পাইপ স্থাপন করতে হবে। ঠিকাদার কর্তৃক মটর সরবরাহের ক্ষেত্রে নিম্নমানের যেন না হয় সে বিষয়ে মনিটরিং করতে হবে এবং কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত চূড়ান্ত বিল প্রদান করতে নিষেধ করেন। টিসিবি'র মালামাল যেন সঠিক সময়ে নির্ধারিত স্থানে দেয়া হয় সে ব্যবস্থা করতে হবে। বিতরণের আগের দিন ইউপি চেয়ারম্যানগণকে জানানোর জন্য অনুরোধ করেন। পুলিশের একার পক্ষে অনৈতিক ঘটনা বন্ধ করা সম্ভব নয়। সকলকেই পুলিশকে সহযোগীতা করতে হবে। সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। সকল কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান। | সকলকে গফরগাঁও এর উন্নয়নের জন্য সরকারি দিক নির্দেশনা মোতাবেক সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৪/২৪ ইং

(মো: আশরাফ উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

তারিখ: ৩০.০৪.২০২৪ খ্রি:

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০০১.০৬.০০৯.২৪-৪৭৭/১(৬০)

অনুলিপি: সদয় অবগতি/অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৫, ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপ-১ শাখা/উপ-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৫। মেয়র, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৭। উপজেলা ............................................................ অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, ........................................................ ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৯। জনাব ................................................................গফরগাঁও,ময়মনসিংহ।
১০। অফিস কপি।

৩০/৪/২০২৪

(রুবাইয়া ইয়াসমিন)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।

CS CamScanner